

“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ২১/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৭ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত PRA সেশনের প্রতিবেদন

- প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
- PRA সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান : ২১/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৭ নং ইউনিয়ন এ বিকাল ৩.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
- উপস্থিতির তালিকা আলোচনা :
১. PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
২. “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্ল্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনন্দানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত করেন। পরে তিনি মীরসরাই উপজেলায় নির্মাণাবীন দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল বিষয়ে আলোচনা করেন। তিনি উপজেলায় অর্থনৈতিক অঞ্চলের প্রভাব সম্পর্কে তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক অঞ্চলের ফলে জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য সৃষ্টি অন্যান্য সমস্যা মোকাবেলায় মিরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিত সদস্যরা পাহাড়ি ঢলের কারণে আসা পানি সঠিকভাবে নিষ্কাশিত না হওয়ার ফলে জলাবদ্ধতা হয়ে থাকে বলে জানান। এই জলাবদ্ধতার পাশাপাশি ক্ষতিগ্রস্ত সড়কে তারা ইউনিয়ন এর মূল সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। বৃষ্টি হলে প্রায় সময় এলাকায় প্রায় ০৫ ফুট পর্যন্ত পানি জমে যায় বলে তারা জানান। প্রায় ২ ঘণ্টা পানি জমে থাকে। কাটাছড়া ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। তারা বলেন নিকটস্থ স্বাস্থ্য কমপ্লেক্স তাদের ইউনিয়ন থেকে অনেক দূরে প্রায় ১০ কিমি দূরে অবস্থিত হওয়ায় সবার পক্ষে সবসময় সেখানে চিকিৎসা নিতে যাওয়া সম্ভব হয় না। এছাড়া বিদ্যমান স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সুবিধা খুব অগ্রভূত। ফলে তারা উন্নত স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত। তাই এলাকাবাসী অবিলম্বে তাদের ইউনিয়ন এ একটি আধুনিক মানের হাসপাতাল নির্মাণের দাবি জানান। অংশগ্রহণকারীরা ইউনিয়ন এ বনায়নের গুরুত্ব বর্ণনাপূর্বক পরিকল্পিত বনায়নের প্রস্তাবনা প্রদান করেন। এছাড়া, পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, ক্রমাগত কৃষি ভূমি ত্বাস ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাবাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়-
- সিদ্ধান্তসমূহ :
১. পাহাড়ি ঢলে জলাবদ্ধতা
 ২. আধুনিক হাসপাতাল নেই
 ৩. অপ্রসন্ন ও ক্ষতিগ্রস্ত সড়ক
 ৪. সুনির্দিষ্ট খেলার মাঠ নেই
 ৫. আশেপাশের ইউনিয়ন সমূহের সাথে সংযোগ সড়কের অভাব
 ৬. বিশুদ্ধ পানির সমস্যা
 ৭. পাহাড়ি ঢলে কৃষি জমিতে বালু জমে ফসলী জমির ক্ষতি
 ৮. কৃষির উৎপাদন কমে যাচ্ছে
 ৯. হাট বাজারের অভাব
 ১০. আধুনিক হাসপাতাল নেই
 ১১. পর্যাপ্ত প্রাথমিক বিদ্যালয় নেই
 ১২. বর্জ্য ব্যবস্থাপনার অভাব
 ১৩. প্রাথমিক বিদ্যালয়ের অভাব
 ১৪. পানিতে আয়রন ও আর্সেনিকের উপস্থিতি রয়েছে

পিআরএ সেশনে উল্লেখিত সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, বাজার ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে এঁকে দেখান।